০৪/৮/২০০০

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# খুলনা সিটি কলেজে ছাত্রলীগ-শিবির সংঘর্ষ ॥ আহত ৩

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস** ॥ নগরীর সিটি কলেজে একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছাত্রলীগ-ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষ বাধে। এতে তিন ছাত্র আহত হয়েছে। সংঘর্ষ থামাতে পুলিশ ১২ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা যায়, প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় অংশ নিতে আসা শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে কলেজ ক্যাম্পাসে সোমবার বেলা ১১টার দিকে ছাত্রলীগ ও ছাত্রশিবির মিছিল বের করে। মিছিলের আক্রমণাত্মক শ্লোগানকে কেন্দ্র করে দু'পক্ষ মারমুখী অবস্থান নেয়। এক পর্যায়ে ধাওয়া পাল্টাধাওয়া এবং ইটপাটকেল নিক্ষেপ করা হয়।

ছাত্রদলের কর্মীরাও এ সময় সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে ছাত্রশিবির কর্মী ফজলুল হক, ছাত্রলীগ কর্মী ইমন এবং ছাত্রদল কর্মী ফ্রান্স আহত হয়। এদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। ভর্তি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হয়েছে।